গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী
e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com

স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৪৫২

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

বিষয়: তারুণ্যের উৎসব-২০২৫ এর বিভাগীয় পর্যায়ের অনুষ্ঠানে অংশগ্রহণ প্রসঙ্গে

সূত্র: স্মারক নং-০৫.৪৩.০০০০.০১৭.০২.০০৩.২৫-১০, তারিখ: ২০/০২/২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে উচ্চ মাধ্যমিক, ডিগ্রী (পাস), অনার্স ও মাস্টার্স শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, দেশব্যাপী তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ দেশের উন্নয়ন সংক্রান্ত সৃজনশীল কাজে আইসিটি সম্পর্কিত তরুণ উদ্যোক্তাদের উৎসাহ প্রদান এবং তরুণ প্রজন্মের মধ্যে সৃজনশীলতা উদ্ভাবনী গুণাবলী বিকাশের লক্ষ্যে আগামী ২৬/০২/২০২৫ খ্রি: রাজশাহী বিভাগীয় পর্যায়ে তারুণ্যের উৎসব-২০২৫ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত প্রতিযোগিতায় সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক এক বা একাধিক আইসিটি বিষয়ক উদ্ভাবনী আইডিয়া বা ধারণা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে আগামী ২৫/০২/২০২৫ খ্রি: দুপুর ০১:০০ মি. মধ্যে ইমেইল নম্বর doictrajshahi@gmail.com-এ প্রেরণ করতে হবে। প্রসঙ্গত উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে তাদের তথ্য ও প্রয়োজনীয় পরামর্শের জন্য জনাব আর. এম. ইমতিয়াজ আলম, প্রভাষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর মেইল r.m.emtiazalam@gmail.com-এ প্রেরণ ও মোবাইল নম্বর ০১৭৫৫৪৩০১৩৩ যোগাযোগ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানিত বিভাগীয় প্রধানগণসহ একাদশ, দ্বাদশ ও ডিগ্রী শ্রেণির আহ্বায়কগণকে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৪/০২/২০২৫
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী
০২৫৮৮৮৫৫৪৭৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ:
১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। বিভাগীয় প্রধান (সকল), রাজশাহী কলেজ, রাজশাহী;
৩। প্রধান সহকারী, রাজশাহী কলেজ, রাজশাহী;
৪। সংরক্ষণ নথি।

E:\ADMINISTRATION\Sports and Sanaskritic saptaho\Tarunno Utshob-2025\Bigoopty Bigagico porjoy.doc

**তারুণ্যের উৎসব ২০২৫**

**আয়োজনে:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**বাস্তবায়নে:** বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

**সহযোগিতায়:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী

## আইসিটি সংশ্লিষ্ট উদ্ভাবনী ধারণার খোঁজে প্রতিযোগিতা
## উপস্থাপনার নিয়মাবলি ও নির্দেশিকা

### আইসিটি সংশ্লিষ্ট উদ্ভাবনী ধারণা উপস্থাপনার স্লাইড শিরোনামসমূহ

১. **শিরোনাম ও পরিচিতি**
   - উদ্ভাবনী ধারণার শিরোনাম
   - উপস্থাপক/দলের নাম
   - শিক্ষাপ্রতিষ্ঠানের নাম

২. **সমস্যা চিহ্নিতকরণ**
   - কোন সমস্যা সমাধানের জন্য এই উদ্ভাবনী ধারণা?
   - সমস্যার বর্তমান অবস্থা ও প্রভাব
   - স্থানীয় বা ব্যক্তিগত বা নিজের আশেপাশের বাস্তব অভিজ্ঞতা থেকে সমস্যা নিতে হবে

৩. **উদ্ভাবনী সমাধান, প্রভাব ও চ্যালেঞ্জ**
   - কীভাবে এই আইসিটি-ভিত্তিক সমাধান কাজ করবে?
   - টার্গেট ব্যবহারকারী/গ্রাহক কারা?
   - এই উদ্ভাবনের সম্ভাব্য সামাজিক ও অর্থনৈতিক প্রভাব
   - সম্ভাব্য চ্যালেঞ্জ

৪. **প্রযুক্তিগত কাঠামোর ধারনা**
   - ব্যবহৃত প্রযুক্তি ও প্ল্যাটফর্ম
   - সফটওয়্যার আর্কিটেকচার বা হার্ডওয়্যার উপাদানসমূহ **(যদি সম্ভব হয়)**

৫. **প্রোটোটাইপ ও ডেমো (যদি থাকে)**
   - প্রাথমিক কাজের নমুনা/ডেমো উপস্থাপন (না থাকলে স্কেচ করা যেতে পারে/https://www.figma.com/ ব্যবহার করা যেতে পারে)

৬. **উপসংহার ও প্রশ্নোত্তর**
- সারসংক্ষেপ ও মূল বার্তা
- দর্শকদের প্রশ্নের উত্তর দেওয়া

### উপস্থাপনার নিয়মাবলি

**সময়সীমা:**
- **সর্বোচ্চ উপস্থাপনা সময়:** ৯ মিনিট
- **প্রশ্নোত্তর পর্ব:** ৫ মিনিট
- **মোট সময়:** ১৫ মিনিট (১ মিনিট অতিরিক্তসহ)

**সময়ের প্রতি সম্মান:**
- প্রতিটি দলকে নির্ধারিত ৯ মিনিটের মধ্যে উপস্থাপনা শেষ করতে হবে।
- নির্ধারিত সময় শেষ হলে উপস্থাপনা বন্ধ করতে হবে।

**উপস্থাপনার কাঠামো:**
- একটি আকর্ষণীয় ভূমিকা দিয়ে শুরু করুন।
- সমস্যার বিবরণ এবং সমাধান স্পষ্টভাবে উপস্থাপন করুন।
- প্রযুক্তিগত দিক এবং ব্যবহারকারীর অভিজ্ঞতা ব্যাখ্যা করুন।
- বাজার সম্ভাবনা এবং ভবিষ্যৎ পরিকল্পনা উল্লেখ করুন।
- উপসংহার ও মূল বার্তা পরিষ্কারভাবে তুলে ধরুন।

# তারুণ্যের উৎসব ২০২৫

## আইসিটি সংশ্লিষ্ট উদ্ভাবনী ধারণার খোঁজে প্রতিযোগিতা
## উপস্থাপনার নিয়মাবলি ও নির্দেশিকা

**ভিজ্যুয়াল ও মাল্টিমিডিয়া ব্যবহার:**

- স্লাইডগুলো সুস্পষ্ট ও তথ্যবহুল হতে হবে।
- খুব বেশি লেখা না রেখে চিত্র, গ্রাফ, অ্যানিমেশন ও ডেমো ব্যবহার করুন।
- ফন্ট, রঙ এবং ডিজাইন সহজবোধ্য ও পেশাদার হতে হবে।

**প্রেজেন্টেশনের দক্ষতা:**

- স্বচ্ছন্দ ও আত্মবিশ্বাসের সঙ্গে কথা বলুন।
- শ্রোতাদের সঙ্গে চোখে চোখ রেখে কথা বলুন।
- হাত ও শরীরের ভাষা স্বাভাবিক ও প্রাসঙ্গিক রাখুন।

**প্রশ্নোত্তর পর্ব:**

- শ্রোতা ও বিচারকদের প্রশ্ন মনোযোগ দিয়ে শুনুন।
- সংক্ষিপ্ত ও সুনির্দিষ্টভাবে উত্তর দিন।
- প্রশ্নের উত্তর জানা না থাকলে তা বিনয়ের সাথে জানান।

**টিমওয়ার্ক ও ভূমিকা বণ্টন:**

- দলে একজনের পরিবর্তে সবাই অংশগ্রহণ করুন।
- ভূমিকা ঠিক করে নিন—কে কী উপস্থাপন করবে।

**প্রযুক্তিগত প্রস্তুতি:**

- উপস্থাপনার আগে স্লাইড এবং ডেমো ঠিকমতো কাজ করছে কি না, তা পরীক্ষা করুন।
- ল্যাপটপ, প্রজেক্টর, ইন্টারনেট সংযোগ ইত্যাদি আগেই চেক করুন।

**মৌলিকত্ব:**

- উপস্থাপিত আইডিয়া মৌলিক হতে হবে।
- কোনো কপি-পেস্ট বা অন্যের কাজ অনুকরণ করলে তা গ্রহণযোগ্য হবে না।

**আচরণ:**

- শ্রোতা ও বিচারকদের প্রতি বিনয়ী ও সম্মানজনক আচরণ করুন।
- কোনো অশোভন বা বিতর্কিত বিষয় উপস্থাপন থেকে বিরত থাকুন।
- বিচারকের সিদ্ধান্ত চূড়ান্ত কোনো প্রকার আপত্তি ও অভিযোগ গ্রহণযোগ্য নয়।

**অন্যান্য:**

১। প্রেজেন্টেশন পিডিএফ উপস্থাপনার ২৪ ঘণ্টা আগে জমা দিতে হবে।

২। একটি প্রতিষ্ঠান হতে একাধিক দল থাকতে পারে। একটি দলে সর্ব নিম্ন ৩ জন হতে সর্বোচ্চ ৫ জন থাকতে হবে।

৩। অংশগ্রহণের জন্য দলে অংশগ্রহণকারীদের নামের তালিকা সহ প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/বিভাগীয় প্রধান বা দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সিলসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর লক্ষ্মীপুর সদর উপজেলা কার্যালয়ে জমা দিতে হবে। ইমেইল ও হার্ডকপি গ্রহণযোগ্য। ইমেইল: doictrajshahi@gmail.com

## তারুণ্যের উৎসব ২০২৫

### আইসিটি সংশ্লিষ্ট উদ্ভাবনী ধারণার খোঁজে প্রতিযোগিতা
### উপস্থাপনার নিয়মাবলি ও নির্দেশিকা

আইসিটি সংশ্লিষ্ট উদ্ভাবনী উপস্থাপনার মূল্যায়ন টেবিল

| মূল্যায়ন মানদন্ড | বিবরণ | সর্বোচ্চ নম্বর | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| সমস্যা চিহ্নিতকরণ | প্রকল্পটি যে সমস্যার সমাধান করছে, সেটি পরিষ্কারভাবে উপস্থাপন করা হয়েছে কি না | ১০ | | |
| উদ্ভাবনী সমাধান, প্রভাব ও চ্যালেঞ্জ | সমাধানটি নতুন, কার্যকর ও বাস্তবসম্মত কিনা | ২০ | | |
| | সমাধানটি ব্যবহারকারীদের জন্য সহজ কিনা? সামাজিক ও অর্থনৈতিক প্রভাব যুক্তিসঙ্গত কিনা | ১০ | | |
| | সামাজিক, অর্থনৈতিক ও রাষ্ট্রীয় বিবেচনায় চ্যালেঞ্জগুলো যুক্তিকতা | ১০ | | |
| প্রযুক্তিগত কাঠামো | আলোচিত প্রযুক্তি, সফটওয়্যার/হার্ডওয়্যার বিশ্লেষণ প্রযুক্তিগতভাবে যুক্তিসঙ্গাত কিনা | ১৫ | | |
| উপস্থাপনার দক্ষতা | উপস্থাপকের বডি ল্যাঙ্গুয়েজ, স্পষ্টতা, আত্মবিশ্বাস | ১০ | | |
| ভিজ্যুয়াল ও মাল্টিমিডিয়া সহায়তা | স্লাইড ও ভিজ্যুয়াল উপস্থাপনা আকর্ষণীয় ও তথ্যবহুল কিনা | ১০ | | |
| প্রশ্নোত্তর দক্ষতা | প্রশ্নের উত্তর সঠিকভাবে দিতে পেরেছে কিনা | ১০ | | |
| অন্যান্য | | ০৫ | | |
| সর্বমোট নম্বর | সর্বোচ্চ: ১০০ | ১০০ | | |